শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ
ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩
Mymensingh Palli Bidyut Samity-3.
(এলাকা ভিত্তিক পল্লী বিদ্যুতায়ন কার্যক্রম)
ISO 9001:2015 Certified

ময়মনসিংহ পবিস-৩
শম্ভুগঞ্জ, সদর, ময়মনসিংহ।
Email: mpbs3@yahoo.com
Web: pbs3.mymensingh.gov.bd

মুজিব শতবর্ষ MUJIB 100

স্মারক নং-২৭.১২.৬১৫২.৫৬৪.০২.০০৮.২৩.৪০৫৬

তারিখ: ১০ ডিসেম্বর, ২০২৩ খ্রিস্টাব্দ
২৫ অগ্রহায়ণ, ১৪৩০ বঙ্গাব্দ

# "আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি"

ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর নিম্নোক্ত শূন্য পদ পূরণের লক্ষ্যে বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-০৮, ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ এবং পবিস চাকুরী বিধি-১৯৯২ (সংশোধিত-২০১২) অনুযায়ী পদোন্নতির যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের নিকট থেকে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| পদের নাম | পদের সংখ্যা | প্রার্থীর যোগ্যতা |
|---|---|---|
| বিলিং সুপারভাইজার | ০১ | ১। বিলিং সহকারী হিসেবে ০৭ (সাত) বছর নিয়মিত চাকুরীর অভিজ্ঞতা থাকতে হবে।<br>২। কম্পিউটার ও অন্যান্য অফিস ইকুইপমেন্ট পরিচালনায় পারদর্শী হতে হবে।<br>৩। প্রার্থীকে প্রতি মিনিটে ন্যূনতম বাংলা ১০ (দশ) টি ও ইংরেজী ৩০ (ত্রিশ) টি শব্দ টাইপে সক্ষম হতে হবে।<br>৪। পবিস নির্দেশিকা ৩০০-২৪ অনুযায়ী পদোন্নতির সকল শর্তসমূহ পূরণ হতে হবে।<br>৫। পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রযোজ্য প্রশিক্ষণে উত্তীর্ণ হতে হবে।<br>৬। বিলিং সহকারী পদে সর্বশেষ ০৩ (তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়ন গড় রেটিং ন্যূনতম ৩.৫০ (তিন দশমিক পাঁচ শূন্য) থাকতে হবে। |
| লাইন টেকনিশিয়ান | ০১ | (ক) লাইনম্যান গ্রেড-১ পদে নিয়মিত হিসেবে নূন্যতম ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>(খ) বিদ্যুৎ বিতরণ সুবিধা সৃষ্টিতে লাইন নির্মাণ, রক্ষনাবেক্ষন ও পরিচালনায় পর্যাপ্ত জ্ঞান ও অভিজ্ঞতা থাকতে হবে।<br>(গ) পবিস নির্দেশিকা ৩০০-০৮ অনুযায়ী লাইনম্যান ট্রেনিং সমাপ্ত হতে হবে।<br>(ঘ) বৈদ্যুতিক লাইন, ষ্টেকিং শীট, বাপবিবোর্ডের নির্মাণ নীতিমালা এবং বিতরণ লাইনের রক্ষনাবেক্ষণ জ্ঞান থাকতে হবে।<br>(ঙ) জরুরী প্রাথমিক চিকিৎসায় প্রশিক্ষণ ও পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে।<br>(চ) প্রার্থীকে অবশ্যই পোলের উপর উঠা এবং পোলে উঠে কাজ করার ক্ষমতা থাকতে হবে।<br>(ছ) লাইনম্যান গ্রেড-১ পদে সর্বশেষ ০৩ (তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়নের গড় রেটিং পবিস নির্দেশিকা মোতাবেক ৩.৫০ থাকতে হবে।<br>(জ) কাজ করার ক্ষেত্রে লাইনক্রুগণকে সংগঠিত ও তত্ত্বাবধান করার ক্ষমতা থাকতে হবে। |

## আবেদন করার নিয়মাবলীঃ

প্রার্থীকে A4 সাইজের সাদা কাগজে স্বহস্তে লিখিত আবেদন পত্রের সাথে (ক) নিজের নাম (খ) পিতা/স্বামীর নাম, (গ) মাতার নাম, (ঘ) স্থায়ী ঠিকানা, (ঙ) বর্তমান ঠিকানা, (চ) জন্ম তারিখ, (ছ) বয়স, (জ) জাতীয়তা, (ঝ) ধর্ম, (ঞ) শিক্ষাগত যোগ্যতা, (ট) চাকুরীতে প্রথম যোগদানের তারিখ, (ঠ) মোবাইল নম্বর, (ড) জাতীয় পরিচয়পত্র, (ঢ) বর্তমান পদে যোগদান ও নিয়মিত করণ পত্রের সত্যায়িত ফটোকপি, (ণ) পদোন্নতির জন্য পবিস নির্দেশিকা ৩০০-৮/৩০০-৫১ অনুযায়ী প্রয়োজনীয় প্রশিক্ষণে কৃতকার্য হওয়ার প্রমাণপত্রের সত্যায়িত ফটোকপি, (ত) বিগত ০৩ (তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়নের সত্যায়িত ফটোকপি, (থ) সম্প্রতি তোলা ০২ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি (সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার /এজিএম (প্রশাসন/এইচআর) কর্তৃক সত্যায়িত হতে হবে), (দ) সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার প্রদত্ত সুপারিশ ও বিনা আপত্তির সনদপত্র, (ধ) বিগত ০৫ বছরের মধ্যে গৃহীত প্রশাসনিক ব্যবস্থা (যদি থাকে অথবা না থাকে) উল্লেখ পূর্বক ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩, শম্ভুগঞ্জ, ময়মনসিংহ এ স্ব-শরীরে উপস্থিত হয়ে সাক্ষাৎকারে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

**সাক্ষাৎকারের তারিখ ও সময়ঃ** ২৩শে ডিসেম্বর ২০২৩ খ্রিঃ, রোজঃ শনিবার ,সকালঃ ১০.০০টা।

**শর্তাবলীঃ**

**০১। পদোন্নতির জন্য সাক্ষাৎকার গ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত প্রার্থীকে বিবেচনা করা হবে না।**

(ক) সর্বশেষ ০১ (এক) বৎসরে কোনরূপ লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন।

(খ) সর্বশেষ ০৩ (তিন) বৎসরে কোনরূপ গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন।

(গ) বিগত ০৩ (তিন) বৎসরের ভিতর একাধিকবার গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন।

(ঘ) বিগত ০৪ (চার) বৎসরের ভিতর একবার গুরুদন্ড এবং একবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন।

(ঙ) বিগত ০৫ (পাঁচ) বৎসরের ভিতর একাধিকবার গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন।

(চ) বর্তমানে বিভাগীয় তদন্ত অথবা ফৌজদারী মামলা চলমান নেই অথবা চাজর্শীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন নেই মর্মে সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার কর্তৃক প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।

(ছ) পদোন্নতির জন্য ০৩ (তিন) বার মৌখিক নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহন করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী অযোগ্য বিবেচিত/ ঘোষিত হয়েছে।

০২। পদোন্নতির ক্ষেত্রে নিম্নোক্ত নীতিমালার সকল শর্তাদি প্রযোজ্য হবেঃ-

ক) পবিস নির্দেশিকা ৩০০-১৪ এর সংশ্লিষ্ট পদের "পদ বিবরণী" তে উল্লিখিত সকল শর্তাদি পূরণ করতে হবে।

খ) পদোন্নতির বিষয়ে পবিস নির্দেশিকা ৩০০-২৪ এ উল্লিখিত বিধান/শর্তাদি পূরণ করতে হবে।

গ) পবিস কর্মচারী চাকুরী বিধি ১৯৯২ (সংশোধিত ২০১২) এর ধারা ৭, ১২, ১৪ এবং ১৬ প্রতিপালন করা হবে।

০৩। সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৩ ও ৩০০-১৭ অনুযায়ী মূল বেতন সংরক্ষণ করা হবে।

০৪। অত্র পবিসের ভৌগলিক এলাকায় [ময়মনসিংহ জেলার সদর (আংশিক), গৌরিপুর, ঈশ্বরগঞ্জ, তারাকান্দা, ফুলপুর, হালুয়াঘাট ধোবাউড়া, উপজেলার] স্থায়ীভাবে বসবাসকারীদের আবেদন করার প্রয়োজন নাই।

০৫। ইতিপূর্বে অন্য কোন পবিস এর চাকুরী হতে অপসারিত/বরখাস্ত/স্বেচ্ছায় পদত্যাগকারী প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।

০৬। পদোন্নতির ক্ষেত্রে "পবিস চাকুরী বিধি, ১৯৯২ (সংশোধিত ২০১২)" এবং পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ প্রতিপালন করা হবে।

০৭। সাধারণ জনগণের সাথে সৌজন্যমূলক ও প্রফুল্ল আচরণের অধিকারী হতে হবে।

০৮। বিলিং সুপারভাইজার ও লাইন টেকনিশিয়ান পদে নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বছরের জন্য ''চলতি দায়িত্ব'' হিসেবে নিয়োগ করা হবে। চলতি দায়িত্ব কালীন কর্মমূল্যায়ন সন্তোষজনক ও অন্যান্য প্রয়োজনীয় শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে চাকুরী নিয়মিত করা হবে। তবে চলতি দায়িত্বে থাকাকালীন আচরণ ও কর্ম দক্ষতার মান সন্তোষজনক বিবেচিত না হলে দক্ষতার মান উন্নয়নের জন্য অনধিক ০৬(ছয়) মাস সময় বর্ধিত করা যাবে অথবা যে পদ হতে পদোন্নতি দেয়া হবে সে পদে (পূর্ববর্তী পদে) প্রত্যাবর্তন করা যাবে।

০৯। অত্র সমিতির এলাকা পরিচালক/মহিলা পরিচালক ও সমিতির কর্মকর্তা/কর্মচারীদের স্বামী বা স্ত্রী অথবা তাদের স্বামী/স্ত্রীদের রক্তের সম্পর্কীয় কেউ আবেদন করতে পারবেন না। কোন প্রার্থী তথ্য গোপন করে নিয়োগপ্রাপ্ত হলে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষনিকভাবে বরখাস্তসহ দেশের প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা নেয়া হবে।

১০। শর্তাবলীতে উল্লেখ নেই এমন কোন বিষয়ে জটিলতা সৃষ্টি হলে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

১১। নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

২০/১২/২২

(মোহাম্মদ আবুল কালাম আজাদ)
জেনারেল ম্যানেজার

**অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়। বিজ্ঞপ্তিটি আপনার নোটিশ বোর্ডে টানানোর অনুরোধসহ)।**

০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।

০২। পরিচালক, পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।

০৩। পরিচালক, পবিস মঃ ও ব্যঃ পঃ (কেঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।

০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার............... পবিস-১/২/৩/৪।

০৫। ডিজিএম, হালুয়াঘাট/ঈশ্বরগঞ্জ/সদর-কারিগরী/ফুলপুর//ধোবাউড়া জোনাল অফিস, মপবিস-৩।

০৬। এজিএম (ওএন্ডএম), তারাকান্দা সাব-জোনাল অফিস, মপবিস-৩।

০৭। এজিএম (প্রশাসন/অর্থ/ওএন্ডএম/ইএন্ডসি), সদর দপ্তর, মপবিস-৩।

০৮। এজিএম (আইটি), ময়মনসিংহ পবিস-৩। (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা নিন প্রয়োজনীয় দলিলাদিসহ)।

০৯। নোটিশ বোর্ড/ওয়েব সাইট (Web: pbs3.mymensingh.gov.bd) ময়মনসিংহ পবিস-৩।

১০। অফিস কপি/মাস্টার কপি।

যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের অবহিত করণের জন্য অনুরোধ করা হল।

২০/১২/২২

(মোহাম্মদ আবুল কালাম আজাদ)
জেনারেল ম্যানেজার